# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Office of the Executive Engineer
Bera WD. Division
BWDB, Bera, Pabna
Tel. : 02588-848067
e-mail :ee.berabwdb@gmail.com

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
বেড়া পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, বেড়া, পাবনা।
ফোন নং ঃ ০২৫৮৮-৮৪৮০৬৭
e-mail : ee.berabwdb@gmail.com

স্মারক নং-দ-৩/২৫

তারিখঃ ০৬/০৭/২০২৬ খ্রি.।

## "সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্যক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেড়া পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বেড়া, পাবনা দপ্তরের পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীন কার্য (Works) ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য (Goods) সরবরাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ ইং অর্থ বছরে ঠিকাদার/সরবরাহকারী নতুন তালিকাভূক্তি ও তালিকাভুক্ত ঠিকাদার/সরবরাহকারীদের নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা'র দপ্তর স্মারক নং-৪২.০১.০০০.০০৫.২২. ০০৩.১৫-১৩৪; তারিখঃ ২০/০৭/২০২০ খ্রি. মোতাবেক এবং এর ধারাবাহিকতায় নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে আবেদন করা যাবে। ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভূক্তি/নবায়নের ফর্ম সরবরাহ ও গ্রহণ করা হবে না। নির্ধারিত আবেদন ফর্ম ক্রয় বাবদ ৫০০ (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পাবনা'র অনুকূলে ইস্যুকৃত অত্র দপ্তরের উচ্চমান সহকারী জনাব মোঃ রাকিবুল ইসলাম এর নিকট হতে ফর্ম সংগ্রহ করা যাবে। নির্ধারিত আবেদন ফর্ম সঠিকভাবে পুরন করতঃ আবেদন পত্রের সাথে প্রয়োজনীয় (নিম্নে উল্লেখিত) কাগজপত্রসহ অত্র দপ্তরের রেখাকার জনাব মোঃ আব্দুর রহিম এর নিকট জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো। আরও উল্লেখ্য যে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার কোন অবস্থাতেই কাটা-কাটি/ ঘষা-ঘষি হলে উহা গ্রহণ করা হবে না।

১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির আবেদনের তফসিল (সময়) ঃ

| ক্রমিক নং | ঠিকাদার/সরবরাহকারীর তালিকাভূক্তির ধরণ | নতুন তালিকাভূক্তির আবেদন ফর্ম বিতরণ শুরুর তারিখ | নতুন তালিকাভূক্তির আবেদন ফর্ম বিতরণ শেষ তারিখ | নতুন তালিকাভূক্তির আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| (ক) | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য)। | ০৭/০৭/২০২৬ খ্রি. | ১৬/০৮/২০২৬ খ্রি. | ০১/০৯/২০২৬ খ্রি. |
| (খ) | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (পণ্য সরবরাহ)। | ০৭/০৭/২০২৬ খ্রি. | ১৬/০৮/২০২৬ খ্রি. | ০১/০৯/২০২৬ খ্রি. |

২। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির আবেদনের তফসিল (যোগ্যতা) ঃ

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | (০১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স (০২) BIN Certificate ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট (০৩) কার্যক্রয় ও পণ্য সরবরাহের জন্য ২৫ (পঁচিশ) লক্ষ টাকার স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট/বিবরণী (বিজ্ঞপ্তির তারিখ হতে আবেদন গ্রহণের শেষ তারিখের মধ্যে হতে হবে, সংশ্লিষ্ট ব্যাংক শাখার ই-মেইল ও মোবাইল নম্বর উল্লেখ থাকতে হবে) (০৪) জাতীয় পরিচয়পত্র (০৫) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি (০৬) প্রতিষ্ঠানের যন্ত্রপাতির তালিকা (০৭) প্রতিষ্ঠানের জনবলের তালিকা (০৮) বাপাউবো'র নির্ধারিত ছকে ৩০০/- (তিনশত) টাকার ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকারনামা (০৯) ঠিকাদার/প্রতিষ্ঠানের এ্যাফিডেভিট এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| তালিকাভূক্তি নিবন্ধন 'ফি' | কাগজপত্র যাচাইয়ান্তে ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের চূড়ান্ত তালিকাভুক্তগন নিবন্ধন 'ফি' ৫০০০/- (পাঁচ হাজার) ও সরকার নির্ধারিত 'ফি' অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকার (একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী নারী হলে তালিকাভুক্ত নিবন্ধন 'ফি' ৩০০০/- (তিন হাজার) ও সরকার নির্ধারিত 'ফি' অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা) (অফেরতযোগ্য) পৃথক দুইটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পাবনা এর অনুকুলে (ইস্যুকৃত) জমা দিতে হবে (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বিজ্ঞপ্তির তারিখ হতে আবেদন গ্রহণের শেষ তারিখের মধ্যে হতে হবে)। |

৩। ঠিকাদার তালিকাভূক্তির (কার্য/পণ্যসরবরাহের লক্ষ্যে) নবায়নের তফসিল (সময়) ঃ

| ক্রমিক নং | ঠিকাদার/সরবরাহকারীর তালিকাভূক্তির ধরণ | নবায়নের আবেদন ফর্ম বিতরণ শুরুর তারিখ | নবায়নের আবেদন ফর্ম বিতরণ শেষ তারিখ | নবায়নের আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| (ক) | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য)। | ০৭/০৭/২০২৬ খ্রি. | ১৬/০৮/২০২৬ খ্রি. | ১৭/০৮/২০২৬ খ্রি. |
| (খ) | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (পণ্য সরবরাহ)। | ০৭/০৭/২০২৬ খ্রি. | ১৬/০৮/২০২৬ খ্রি. | ১৭/০৮/২০২৬ খ্রি. |

৪। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির আবেদনের তফসিল (যোগ্যতা) ঃ

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | (০১) বাপাউবো'র নির্ধারিত ফর্মে আবেদনপত্র (অত্র দপ্তর কর্তৃক প্রদত্ত) (০২) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স (০৩) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট। |
| নিবন্ধন 'ফি' | ২০০০/- (দুই হাজার) টাকা ও সরকার নির্ধারিত 'ফি' অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০/- (তিনশত) টাকার পৃথক দুটি (একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী নারী হলে 'ফি' ১৫০০/- (এক হাজার পাঁচশত) ও সরকার নির্ধারিত 'ফি' অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ২২৫/- (দুইশত পঁচিশ) টাকা) (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পাবনা এর অনুকুলে। |

৫। ঠিকাদার কর্তৃক দাখিলকৃত নথিপত্র যাচাইয়ান্তে সঠিক পাওয়া গেলে তালিকাভূক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী মহোদয়ের অনুমোদন সাপেক্ষে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর ওয়েব সাইট (www.bwdb.gov.bd অথবা bwdb-bera.pabna.gov.bd) এ প্রকাশ করা হবে এবং উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের যোগাযোগের ঠিকানায় ডাকযোগে পত্র মারফত জানানো হবে। পত্রে উল্লেখিত নির্ধারিত তারিখের মধ্যে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা প্রধান করতঃ রেজিষ্ট্রেশন বহিতে স্ব-শরিরে উপস্থিত হয়ে স্বাক্ষর করতে হবে (আবেদনপত্রের স্বাক্ষর ও রেজিষ্ট্রেশন বহির স্বাক্ষর অবশ্যই এক হতে হবে)।

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ বা বাতিল এবং সময়সীমা বৃদ্ধী/হ্রাস করার ক্ষমতা রাখে।

Sd/-
(মোঃ জাহিদুল ইসলাম)
নির্বাহী প্রকৌশলী
বেড়া পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, বেড়া, পাবনা।

চলমান পাতা-২

তারিখঃ ০৬/০৭/২০২৬ খ্রি.।

স্মারক নং-দ-৩/২৫/১(১২)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, সপুরা, রাজশাহী।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাবনা পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, পাবনা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন (লেভেল-৬), ৭২ গ্রীন রোড, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন (লেভেল-৯), ৭২ গ্রীন রোড, ঢাকা। বিজ্ঞপ্তিটি জাতীয় পর্যায়ে বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি পত্রিকায় এবং পাবনা জেলার প্রকাশিত স্থানীয় ১টি পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫। সচিব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী, পাবনা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো /যান্ত্রিক পওর বিভাগ, বাপাউবো/ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ বিভাগ/গণপূর্ত বিভাগ, পাবনা।
৮। সিষ্টেম এনালিষ্ট, সেন্ট্রাল আইসিটি সেল, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা। বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের সবিনয়ে অনুরোধসহ।
৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, পাবনা।
১০। উপ-বিভাগীয় প্রকৌশলী, বেড়া/সুজানগর/সাঁথিয়া, পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, বেড়া/সুজানগর/সাঁথিয়া, পাবনা।
১১। উপ-সহকারী প্রকৌশলী/প্রাক্কলনিক/সহকারী হিসাব রক্ষক/উচ্চমান সহকারী/ রেখাকার জনাব মোঃ আব্দুর রহিম, অত্র দপ্তর।
১২। অফিস কপি/নথির কপি।

০৬/০৭/২০২৬

নির্বাহী প্রকৌশলী
বেড়া পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, বেড়া, পাবনা।